

শ্রীশ্রীহরি সঙ্গীত

৬৯ নং তাল-ঠুংরী

নিষ্কাম নগরে চল মন।

কেন কামাখ্যা নগরে এসে হারা হলি পরম ধন।।

- ১। নিষ্কাম নগরে যাবি স্বরূপের রূপ দেখতে পাবি।
প্রেমানন্দে সুখে রবি (রে) জুড়াবে তাপিত জীবন।।
- ২। নিষ্কাম রাজ্যের রসিক ময়রা, প্রেম রসেতে মাতোয়ারা।
প্রেমের দোকান পেতে তারা করছে বেচাকেনা অনুক্ষণ।।
- ৩। নিষ্কাম রাজ্যের এমনি রীতি কাম গন্ধহীন প্রেমপিরীতি।
জ্বলে অনুরাগের বাতি, তাঁরা দেখতে পায় যুগল মিলন।।
- ৪। নিষ্কাম রাজ্যের রাজা যিনি, হরিচাঁদ প্রেম শিরোমণি।
ভক্তবৃন্দ লয়ে তিনি, সদায় করতেছে প্রেম বরিষণ।।
- ৫। নিষ্কাম রাজ্যে মহানন্দ বিলাইতেছে প্রেমধন।
অশ্বিনী তুই অজ্ঞানাস্থ করলি না রূপ দরশন।।

৭০ নং তাল-ঠুংরী

গুরুচাঁদের তবিল ভেঙ্গে ভাই হলেম অপরাধী।

আমার মত কেউ হও না এবার ভাল চাওরে যদি।।

- ১। গুরুচাঁদ তাই করছে মানা (হারে) জরিমানা কেউ খেওনা
সে আর কুল পাবেনা।
অকুলর কুল দিতে হরি, উদয় হ'ল ওড়াকান্দি।।
- ২। অবতীর্ণ জীবের জন্য নিহেতু প্রেম দিবার জন্য
আপনি হলেন দৈন্য।
মন বিনা সে চায় না অন্য, আমার হরি গুণনিধি।।
- ৩। হরিচাঁদের নির্মল করণ, এক বিন্দু পেয়েছে যে জন
সে হয় প্রেমরে মহাজন।